তারিখ ...০৫ DEC 1995
পৃষ্ঠা ৪ কলাম ৭

আজকের কাগজ

03

## হোমিও বোর্ডের এই প্রহসন কেনো?

আমরা দীর্ঘদিন যাবত এ দেশের প্রায় ২০ হাজার হোমিও ছাত্র-ছাত্রী অত্যন্ত টানাপড়েনের মধ্যে শিক্ষা জীবন চালাচ্ছি। বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ড দু'টো শিক্ষা বর্ষ একসঙ্গে হয়ে যাওয়ার ফলে এবং আরেকটি শিক্ষা বর্ষের প্রথমে পূর্বের সেশনজট নিরসনকল্পে '৯৫ সালের মার্চ মাসে ৯৩-৯৪ শিক্ষা বর্ষে দাখিলা ফরম পূরণকৃত সকল ছাত্র-ছাত্রিকে অটো প্রমোশন দেয়। সে সুবাদে আমরা পরবর্তী ক্লাসে ভর্তি হয়ে ক্লাস শুরু করি। পরে বোর্ডের নির্দেশেই নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং ৯৪-৯৫ শিক্ষাবর্ষের পরীক্ষা দেবার জন্যে দাখিলা ফরম পূরণ করি। যে সময় আমরা প্রহর গুণছি ৯৪-৯৫ সালে শিক্ষা বর্ষের পরীক্ষা দেয়ার, ঠিক সে সময়ে বর্তমান বোর্ড প্রশাসন পূর্বের দেয়া অটো প্রমোশন বাতিল ঘোষণা করে সেই ৯৩-৯৪ শিক্ষা বর্ষের পরীক্ষার তারিখ ঘোষণা দেয়। পরিশেষে ব্যাপক আন্দোলন ও মামলার ফলে এ পরীক্ষা স্থগিত হয়। আসলে এমনতো হবার কথা ছিলো না। ফলে, আমাদের চিকিৎসা সেবায় আত্মনিয়োগ করার মানসিকতা ধীরে ধীরে নিস্তেজ হয়ে যাচ্ছে। চিকিৎসা বিজ্ঞান নিয়ে এমন খেলা খেলবার অধিকার তো কাউকে দেয়া হয়নি। তবে কেনো এই প্রহসন? আমাদের অন্যায় কি? আমরা কেনো বোর্ডের অস্থিতিশীলতার খেসারত দেবো। বোর্ড প্রশাসনের ক্ষমতার দ্বন্দ্বের মাশুল কি এ দেশের ২০ হাজার ছাত্র-ছাত্রী দেবে? এ প্রশ্ন আপনিসহ সারা দেশবাসীর কাছে।

বিভিন্ন সূত্রে জানা যায় আপনি এ-ব্যাপারে বোর্ডকে ব্যবস্থা নেয়ার নির্দেশ দেয়া সত্ত্বেও বোর্ড তাদের পূর্বের সিদ্ধান্তেই অটল থাকে। মূল কথা বোর্ডের বর্তমান প্রশাসন আমাদের সঙ্গে বিমাতাসুলভ আচরণ করছে। এ অবস্থা থেকে পরিত্রাণ পাওয়ার জন্য আমরা আপনার সুদৃষ্টি কামনা করছি। আর আবেদন জানাচ্ছি বর্তমান বোর্ড প্রশাসনের স্বৈরাচারি মনোভাবধারি ব্যক্তিদের অবিলম্বে অপসারণ করা, কারণ এরা আমাদের জন্য কল্যাণকর নয়।

*মোঃ আব্দুস ছাত্তার*
*ভিপি*
*ছাত্র সংসদ*
*হ্যানিম্যান হোমিওপ্যাথি*
*মেডিক্যাল কলেজ, কুমিল্লা*